| | | ৮) বাংলাদেশ হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক প্রণীত 'স্ট্যান্ডার্ড গাইডলাইন ফর রুরাল হাউজিং ইন ডিজাস্টার প্রন এরিয়া অব বাংলাদেশ'-এর যথাযথ বাস্তবায়ন করতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক উদ্যোগ গ্রহণ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গৃহায়ন এবং গণপূর্ত মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | দুর্যোগ মন্ত্রণালয় হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটে প্রেরিত চিঠি এবং বাৎসরিক ২টি মিটিংয়ের সারসংক্ষেপ (মিটিং মিনিটস) | ১০ |
| | যদি গ্রাম পর্যায়ে কোনও গৃহায়ন নীতিমালা না থাকে, তবে দুর্যোগ-ঝুঁকি রোধে আপদভিত্তিক গৃহায়ন নীতিমালা (HHC) প্রণয়ন নিশ্চিত করা এবং তা বাস্তবায়ন করা। | ৯) আপদভিত্তিক গৃহায়ণ নীতিমালা (HHC) প্রণয়ন করা এবং তা বাস্তবায়ন করা, | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | কাজ প্রদানের বিশেষজ্ঞ নিয়োগের টিওআরের কপি ও নিয়োগকৃত কনসালট্যান্টের চুক্তিনামা | ১০ |
| | | ১০) বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থা কর্তৃক পূর্বে গৃহীত কার্যকরী গৃহায়ণ প্রকল্পগুলো মূল্যায়ন করে সেগুলো স্থানীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান | টিওআর এবং মূল্যায়ন প্রতিবেদন | ১০ |
| | দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ (ভাসমান গৃহ, লবণাক্ততা-সহিষ্ণু গৃহ ইত্যাদি) করা। এ ক্ষেত্রে দরিদ্র ও প্রান্তিক | ১১) দুর্যোগসহনীয় গৃহনির্মাণ নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট | টিওআর বিশেষজ্ঞ চুক্তিনামা নীতিমালার কপি | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | জনগোষ্ঠীর ওপর সম্ভাব্য ঋণাত্মক প্রভাবগুলো দূর করতে পর্যাপ্ত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া। | | | এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | | |
| | | ১২) বাংলাদেশ ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী এলাকাভিত্তিক ভিন্নতাকে চিহ্নিত করা এবং সেই অনুযায়ী দালান নির্মাণ বাধ্যতামূলক করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সংশ্লিষ্ট নগর উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং স্থানীয় বিশ্ববিদ্যালয় | ভিন্নতা নিরূপণ প্রতিবেদন, | ১০ |
| | | ১৩) পুরোনো গৃহকে দুর্যোগসহনীয় করার জন্য স্থানীয় সম্পদ এবং জ্ঞানের ব্যবহার | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | স্থানীয় সরকার বিভাগ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | এলাকাভিত্তিক স্থানীয় জ্ঞানের প্রতিবেদন | ৫-২০ |
| | | ১৪) গৃহকে দুর্যোগসহনীয় করতে প্রান্তিক জনগোষ্ঠীকে বিশেষ টার্গেট গ্রুপ হিসেবে চিহ্নিতকরণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ | দারিদ্র্যসীমার নিচে অবস্থানরত পরিবার চিহ্নিত করার সৃষ্ট নির্দেশকের নমুনা, জরিপের ফলাফল এবং মেরামতকৃত গৃহের সংখ্যা | ১০ |
| ২.৩.১৮ | সরকারি-বেসরকারি এনজিও'র অংশীদারিত্বে ভূমিহীন বিপদাপন্ন জনগোষ্ঠীর জন্য দুর্যোগসহিষ্ণু গুচ্ছ আবাসন ব্যবস্থার নকশা প্রণয়ন ও তা নির্মাণ করা। | ১) অতীতে গৃহীত গুচ্ছগ্রাম প্রকল্পের সফলতা এবং চ্যালেঞ্জ মূল্যায়ন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, গবেষণা প্রতিষ্ঠান এবং স্থানীয় বিশ্ববিদ্যালয় | বিশেষজ্ঞ কমিটির কাজের টিওআর, মূল্যায়ন প্রতিবেদন | ১০ |
| | | ২) বাস্তুচ্যুতদের পুনর্বাসনের জন্য এলাকা নির্ধারণের মাপকাঠি তৈরি করে এলাকা চিহ্নিতকরণ | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগ | প্রকাশিত মাপকাঠি, নির্বাচিত এলাকার তালিকা | ১০ |
| | | ৩) পূর্ব অভিজ্ঞতার মূল্যায়নের ভিত্তিতে এলাকাভিত্তিক দুর্যোগসহিষ্ণু গুচ্ছগ্রামের নকশা প্রণয়ন করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, | মূল্যায়ন প্রতিবেদন এলাকাভিত্তিক, তৈরিকৃত মাপকাঠির | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | বাংলাদেশ হাউজ বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগ | নমুনা, চিহ্নিত এলাকার তালিকা প্রণীত নকশাসমূহের নমুনা কপি | |
| | এসব স্থানে তাদের ভূমি ভোগের অধিকার ও ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করা এবং গবাদি পশু ও হাঁস-মুরগি, বীজতলা রক্ষার জন্য পর্যাপ্ত জায়গা রাখা। এমন জায়গাকে কেন্দ্র করে স্থাপনা নির্মাণ করা যেখানে জীবিকা নির্বাহ, শিক্ষা ও চিকিৎসার জন্য যাতায়াতের সুযোগ রয়েছে। এ ক্ষেত্রে প্রয়োজনে প্রথমে পাইলট প্রকল্প গ্রহণ করা। | ৪) পুনর্বাসন এলাকায় বা এর কাছাকাছি শিক্ষাপ্রতিষ্ঠানে বাস্তুচ্যুত পরিবারের শিশুদের শিক্ষার প্রবেশাধিকার নিশ্চিত করা। এ বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাদের সচেতনতা বাড়াতে প্রশিক্ষণ প্রদান | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | নিবন্ধিত শিক্ষার্থীর সংখ্যা, প্রশিক্ষণের সংখ্যা | ১০ |
| ২.৩.১৯. | গ্রামীণ এলাকায় জলবায়ুসহিষ্ণু মডেল আবাসন/বাসস্থান এবং বহুতল-পাকা অবকাঠামো নির্মাণে বিভিন্ন অংশীজনদের উদ্বুদ্ধ করা এবং সহজ শর্তে ঋণের ব্যবস্থা করা। গ্রামের মানুষের কাছে শহরের সুবিধা পৌঁছে দিতে বর্তমান সরকারের ‘আমার গ্রাম আমার শহর শীর্ষক নির্বাচনী অঙ্গীকার পূরণের ক্ষেত্রে বাস্তুচ্যুতদের অভিযোজনের বিষয়টি অর্ন্তভূক্ত করা। | ১) গ্রামে বিকল্পমুখী অধিকারভিত্তিক মডেল আবাসনের নীতি প্রণয়নের জন্য অ্যাডভোকেসির জন্য ক্যাম্পেইন | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সিভিল সমাজের প্রতিষ্ঠান, আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়। | ক্যাম্পেইন সংখ্যা | ১০ |
| | | ২) সরকার, আন্তর্জাতিক সাহয্যে সংস্থা এবং সিভিল সোসাইটি প্রতিষ্ঠানের সহযোগে অ্যাডভোকেসির পরিকল্পনা তৈরি | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সিভিল সমাজের প্রতিষ্ঠান, আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়। | অ্যাডভোকেসি পরিকল্পনার কপি | ১০ |
| | | ৩) গৃহনির্মাণ নীতিমালায় বাস্তুচ্যুতদের জন্য জলবায়ুসহিষ্ণু গৃহনির্মাণ অন্তর্ভুক্তকরণ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সিভিল সমাজের প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা, পরিবর্তিত নীতিমালার কপি | ১০ |
| | | ৪) ঋণ সুবিধা প্রদানের নীতিমালার মধ্যে বাস্তুচ্যুতদের জন্য ঋণ সুবিধার বিধান অন্তর্ভুক্ত করা | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | পিকেএসএফ, ঋণ প্রদানকারী আর্থিক প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী | পরিবর্তিত নীতিমালা, পরিবর্তিত নীতিমালার কপি | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রতিষ্ঠান | | |
| | | ৫) বিকল্পমুখী অধিকারভিত্তিক মডেল আবাসন প্রকল্পে অংশগ্রহণের জন্য বাস্তুচ্যুতদের জন্য ঋণব্যবস্থা প্রণয়ন | বাংলাদেশ ব্যাংক | পিকেএসএফ, ঋণ প্রদানকারী আর্থিক প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বাৎসরিক বাজেট বরাদ্দ | ১০ |
| | | ৬) ঋণ সুবিধাদির ব্যাপারে স্থানীয় জনপ্রতিনিধিদের এবং সিভিল সমাজের প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে বাস্তুচ্যুতদের সচেতন করা। | স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সচেতনতামূলক প্রোগ্রামের সংখ্যা | ১০ |
| ২.৩.২০ | অতি জরুরি বা প্রবল জনস্বার্থ এবং দুর্যোগের সময় ছাড়া অন্য সময়ে জনগণকে তাদের গৃহ বা বাসস্থান থেকে জোরপূর্বক বাস্তুচ্যুতকরণ নিষিদ্ধ করা। | ১) কোন পরিস্থিতিতে বাস্তুচ্যুত করা সমীচীন তার নীতিমালা তৈরি করা বাস্তুচ্যুত করার প্রয়োজন হলে বিকল্প ও উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, হাউজ বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট এবং সিভিল সোসাইটি প্রতিষ্ঠান সমূহ | নীতিমালার কপি | ১০ |
| | | ২) সংবিধানের অনুচ্ছেদ ১৫ এবং ৮-এর ২ নং উপধারা অনুযায়ী বিকল্প ব্যবস্থা ছাড়া জোর করে বাস্তুচ্যুতি নিষিদ্ধে আইন প্রণয়ন | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় এবং জননিরাপত্তা বিভাগ | প্রণীত আইনের কপি | ১০ |
| **২.৪ অর্থনৈতিক প্রবৃদ্ধিকেন্দ্রগুলো বিভিন্ন শহরে বিকেন্দ্রীকরণের মাধ্যমে বিভিন্ন এলাকায় কর্মসংস্থান সৃষ্টি করা (Creation of Employment through Encouraging Decentralization of Urban Growth Centres)** | | | | | | |
| ২.৪.১ | সম্ভাব্য জলবায়ু পরিবর্তনজনিত অভ্যন্তরীণ বাস্তুচ্যুতির এলাকাগুলোর কাছাকাছি শহরে সরকারি ও ব্যক্তি খাতের অংশীদারিত্বের মাধ্যমে উল্লেখযোগ্যসংখ্যক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। | ১) বিনিয়োগের সামাজিক ও পরিবেশগত ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে এফডিআইয়ের মাধ্যমে বাস্তুচ্যুতদের জন্য কাজের সুযোগ তৈরি করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়, পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানের সাথে আলোচনা সভা, বিদেশি বিনিয়োগে প্রকল্পের সংখ্যা | ১৫ |
| | | ২) রপ্তানিমুখী মৎস্য (টুনা, ফিনফিশ, বিলফিশ ইত্যাদি) চাষ এবং প্রক্রিয়াজাতকরণ অবকাঠামো তৈরি করে বাস্তুচ্যুতদের জন্য কাজের সুযোগ তৈরি করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং বাংলাদেশ হিমায়িত মাছ রপ্তানি সমিতি | অবকাঠামো তৈরির কার্যাদেশ, নির্বাচিত বাস্তুচ্যুতদের তালিকা | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৩) স্থানীয় পর্যায়ে উৎপাদিত সম্পদ বা পণ্য কাজে লাগিয়ে ব্যবসাকাঠামো প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য সরকারি এবং ব্যক্তিগত খাত থেকে অর্থায়নের ব্যবস্থা করা। ওই কাঠামোর আওতায় বাস্তুচ্যুতদের জন্য উদ্যোক্তা হবার সুযোগ তৈরি করা | শিল্প মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, আর্থিক গবেষণা প্রতিষ্ঠান এবং ব্যাক্তিখাত প্রতিষ্ঠান | প্রণীত ব্যবসাকাঠামো প্রতিবেদন, বাস্তুচ্যুত উদ্যোক্তার সংখ্যা | ৫-২০ |
| | | ৪) বিকল্প শহর এবং উপশহর চিহ্নিতকরণ এবং টাউনশিপ প্ল্যানিং করা | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, নগর উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন এবং বিশ্ববিদ্যালয় সমূহের স্থাপত্য ও ইউআরপি বিভাগ | চিহ্নিত শহরের এবং উপশহরের তালিকা, টাউনশিপ প্ল্যান ডকুমেন্ট | ১৫ |
| | | ৫) বাস্তুচ্যুতদের মধ্যে উদ্যোক্তা তৈরিতে সরকারি কর্মসূচি গ্রহণ। এই কাজে বেসরকারি সংস্থাকে উৎসাহিত করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী সংস্থা এবং ব্যক্তিখাত ও বেসরকারি প্রতিষ্ঠান | বাস্তুচ্যুতদের মধ্যে উদ্যোক্তাদের সংখ্যা | ১৫ |
| | | ৬) নবনির্মিত শহর ও উপশহরগুলোতে বাস্তুচ্যুতদের মধ্যে উদ্যোক্তা তৈরির জন্য ছোট উদ্যোগ ও ব্যবসা পরিচালনা প্রশিক্ষণ প্রদান | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং ব্যাক্তিখাত ও বেসরকারি প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা | ১৫ |
| | | ৭) বাস্তুচ্যুত উদ্যোক্তাদের মধ্যে সফল উদ্যোক্তাদের পুরস্কৃত করা এবং প্রচার করা | শিল্প মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং ব্যক্তিখাত প্রতিষ্ঠান | পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তাদের তালিকা | ১৫ |
| | | ৮) নবনির্মিত শহর ও উপশহরগুলোতে বাস্তুচ্যুত উদ্যোক্তাদের কর রেয়াতের ব্যবস্থা করা | অর্থ মন্ত্রণালয় | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং আর্থিক গবেষণা প্রতিষ্ঠান | উদ্যোক্তাদের প্রদেয় সুবিধার সরকারি প্রজ্ঞাপন<br>কর রেয়াত নীতিমালা | ১৫ |
| ২.৪.২. | কর্মসংস্থান ও আয় সৃষ্টি করতে আঞ্চলিক, জেলা, উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের | ১) ভূমি বরাদ্দ ও আবাসন পরিকল্পনা | ভূমি মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংশ্লিষ্ট নগর উন্নয়ন কর্তৃপক্ষ এবং বিশ্ববিদ্যালয়গুলোর স্থাপত্য এবং | বরাদ্দকৃত জমির পরিমাণ, আবাসন প্রকল্প | ১৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | মাধ্যমে নগর উন্নয়নকেন্দ্র (UGC) প্রতিষ্ঠা করা, বাস্তুচ্যুত মানুষের মধ্যে ঢাকা ও চট্টগ্রামমুখী হওয়ার প্রবণতা হ্রাস করা। শহরতলি এলাকাগুলোয় সেবাপ্রদানকারী ব্যক্তিদের জন্য পর্যাপ্ত জায়গা রেখে সেসব স্থানে স্বল্প ভাড়ার আবাসন ব্যবস্থা, শিক্ষাপ্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা, নিরাপদ পানি, স্যানিটেশন এবং বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করা। নগরকেন্দ্রগুলোর স্থান আঞ্চলিকভাবে নির্ধারণ করা। | | | নগর পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ | | |
| | | ২) বিদ্যমান শিক্ষাপ্রতিষ্ঠানে বাস্তুচ্যুতদের সন্তানদের অন্তর্ভুক্তিঃ বাস্তুচ্যুতদের আবাসনসংলগ্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বাস্তুচ্যুতদের অন্তর্ভুক্তি, শিক্ষাপ্রতিষ্ঠান না থাকলে আবাসনের প্রকল্পের আওতায় শিক্ষাপ্রতিষ্ঠান সৃষ্টি | শিক্ষা মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | শিক্ষাপ্রতিষ্ঠানের স্থান উল্লেখ্য | ১০ |
| | | ৩) শহর ও উপশহরগুলোতে আয়ের সুযোগ তৈরিতে বিভিন্ন দেশীয় শিল্প যেমন কাঁসা, বেনারসি, তাঁত, পাট, খাদি এবং আগরশিল্প পুনরুজ্জীবিত করা | শিল্প মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সভা, মিটিংয়ের সংখ্যা, বাস্তুচ্যুতদের নিয়োগপত্র | ১০ |
| | | ৪) স্থানীয় ট্রমা সেন্টার, ভিকটিম সাপোর্ট সেন্টার এবং ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে বাস্তুচ্যুতদের সেবাপ্রাপ্তি নিশ্চিত করা | জননিরাপত্তা বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা, সেবা গ্রহণকারী বাস্তুচ্যুতদের সংখ্যা | ৫ |
| | | ৫) বাস্তুচ্যুত নারী বা শিশু কোনো ধরনের নির্যাতনের শিকার হলে তা নিরসনে পর্যাপ্তসংখ্যক ভিকটিম সাপোর্ট সেন্টার প্রতিষ্ঠা করা | জননিরাপত্তা বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা, সেবা গ্রহণকারী বাস্তুচ্যুতদের সংখ্যা | ৫ |
| | | ৬) প্রকৌশলী এবং এমবিবিএস শিক্ষা পাঠক্রমে দুর্ভোগে থাকা জনগোষ্ঠীর সেবাসংক্রান্ত বিষয়াদি যুক্ত করা | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবর্তিত সিলেবাস | ৫ |
| ২.৪.৩ | নগর এলাকাগুলোতে অধিক জনসংখ্যার চাপ পরিহার করতে পরিবহন সেবার গুণগত ও পরিমাণগত মান বৃদ্ধি করা। বাসের বদলে কমিউটার ট্রেন চালুর প্রতি মনোযোগ দেওয়া। দুর্যোগ কবলিত জনগোষ্ঠীর যাতায়াত খরচ কমিয়ে মূল শহরে | ১) বড় শহরগুলোর জন্য শহরতলিতে স্বল্প আয়ের কর্মীদের জন্য আবাসন প্রকল্প নির্মাণ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | আবাসন প্রকল্প প্রস্তাবনা, আবাসন প্রকল্পের সংখ্যা | ১০ |
| | | ২) শহর এবং শহরতলির মধ্যে স্বল্প ভাড়ায় কমিউটার ট্রেনের সংখ্যা বৃদ্ধি | রেলপথ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বর্ধিত কমিউটার ট্রেনের সংখ্যা | ১৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | বসবাস না করে শহরতলিতে থাকতে উৎসাহিত করা এবং বড় শহরমুখী হওয়ার প্রবণতা হ্রাস করা। | | | | | |
| ২.৪.৪ | কর্মসংস্থানের জন্য যাতে বাস্তুচ্যুতদের নিজ এলাকা ছেড়ে স্থায়ীভাবে শহরে বসবাস করতে না হয় সেজন্য কর্মসংস্থানের বিকেন্দ্রীকরণের পাশাপাশি কমিউটার ট্রেনের ব্যবস্থা করা যাতে করে তারা তাদের আদি আবাস থেকেই কাজে যেতে পারে এবং দিন শেষে নিজ আবাসে ফিরে আসতে পারে। | ১) ঐ (২.৪.১) | | | | |
| ২.৪.৫ | ধীর গতির দুর্যোগে অভিযোজনের জন্য ভুক্তভোগীদের অনেকেই আগে থেকে শহরে চলে যায়। এই শ্রেণির ভুক্তভোগীদের শহরে/শহরতলিতে আবাসনের জন্য প্রকল্প নেয়া। বহুতল বিশিষ্ট দালান নির্মাণ করে নিচের তলাগুলোতে বাজার, ফার্মেসি, ডাক্তারের চেম্বার, চুল কাটার সেলুন, শিশু দিবাযত্নকেন্দ্রসহ সকল সেবার স্থান নির্ধারণ করে শহরের ফুটপাতগুলো মুক্ত রাখা । স্বল্প খরচে দোকানগুলো ভাড়া দিয়ে বাস্তুচ্যুত পরিবারের সদস্যদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। ওপরের তলাগুলোয় চুক্তির ভিত্তিতে স্বল্প ভাড়ায় বাস্তুচ্যুতদের থাকার ব্যবস্থা করা। এর মালিকানা সরকারের কাছে রাখা এবং নির্মাণ ও পরিচালনা কাজে যথাক্রমে ব্যক্তি খাত | ১) ঐ (২.৪.১) | | | | |
| | | ২) স্থাপত্যের চাহিদা অনুযায়ী টিওআর তৈরি প্রতিযোগিতার মাধ্যমে নকশার আহ্বান | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | টিওআরের কপি, প্রতিযোগিতার সংখ্যা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | এবং বেসরকারি সংস্থাগুলোকে ব্যবহার করা। | | | | | |
| **২.৫** | **জলবায়ু দুর্যোগ ঝুঁকি-সহনীয় ভূমি পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন (Climate-disaster Risk Responsive Land Use Plan and Programme)** | | | | | |
| ২.৫.১ | জলবায়ু ও দুর্যোগ ঝুঁকি-সহনশীল ভূমি ব্যবহারের পরিকল্পনা করা। | ১) নদীশাসনের মাধ্যমে বালু উত্তোলন করে নতুন ভূমি তৈরি করে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা এবং বাস্তুচ্যুতদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করা | পানি সম্পদ মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ নদী গবেষণা প্রতিষ্ঠান এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) | প্রস্তুতকৃত জমির পরিমাণ, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার কার্যাদেশ, চাকরিতে বাস্তুচ্যুতদের সংখ্যা | ২৫ |
| | | ২) চর উন্নয়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং বাংলাদেশ নদী গবেষণা প্রতিষ্ঠান | সরকারি প্রজ্ঞাপনের কপি ও কার্যক্রম | ২০ |
| | | ৩) চর জরিপ করে বসবাসের উপযোগী চর চিহ্নিত এবং বাস্তুচ্যুতদের জন্য সংরক্ষণ করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, গবেষণা প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | চিহ্নিত এলাকার তালিকা, ভূমি সংরক্ষণের প্রজ্ঞাপন | ১০ |
| | | ৪) চরে বাস্তুচ্যুতদের জন্য বাসস্থান তৈরি করে নিরাপদ জীবিকা নির্বাহের ব্যবস্থা গ্রহণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | চাকরিপ্রাপ্তির সংখ্যা, কর্মক্ষেত্র মূল্যায়ন প্রতিবেদন | ১০ |
| ২.৫.২ | অধিক ঝুঁকিপূর্ণ অনিরাপদ এলাকা চিহ্নিত করে সেই এলাকাগুলোয় মানব বসতি নিষিদ্ধকরণের ব্যবস্থা গ্রহণ করা। | ১) বাস্তুচ্যুতি রোধে কমিউনিটি ঝুঁকি নিরূপণের মাধ্যমে অনিরাপদ এলাকা চিহ্নিত করা এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলোকে বসবাসের অনিরাপদ ঘোষণা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন | ঝুঁকি নিরূপণ প্রতিবেদন, চিহ্নিত অনিরাপদ এলাকা প্রজ্ঞাপন | ১০ |
| | | ২) অনিরাপদ এলাকায় বসবাসরত জনগোষ্ঠীকে মাইকিং, লাল পতাকা উত্তোলন এবং সাইনবোর্ডের মাধ্যমে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন | প্রশিক্ষণ সাইনবোর্ডের সংখ্যা, প্রচারণা কার্যক্রমের তালিকা | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | অবহিত করা | | | | |
| | | ৩) দুর্যোগ ঝুঁকি বিবেচনায় নিয়ে জমি বন্দোবস্ত নীতিমালা হালনাগাদ করা এবং তার বাস্তবায়ন করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবর্তিত নীতিমালা | ১০ |
| ২.৫.৩. | উপকূলীয় ও সমুদ্র বন্দর এলাকাগুলোয় সরকারের উন্নয়নমূলক পরিকল্পনা যেমন: অর্থনৈতিক অঞ্চল ইত্যাদিতে বাস্তুচ্যুত মানুষদের একত্রীকরণ এবং ওই সব এলাকায় স্বল্প ভাড়ায় গৃহায়ণ সুবিধাসহ নাগরিক সুবিধাসমূহ প্রদান সাপেক্ষে উপশহর প্রতিষ্ঠা করা। | ১) বাস্তুচ্যুতদের আবাসনের ব্যবস্থা সম্পর্কে জ্ঞান অর্জন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান | প্রতিবেদন | ৫ |
| | | ২) শ্রমিকদের আবাসনে স্ফিয়ার স্ট্যান্ডার্ডস বজায় রেখে গৃহনির্মাণ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, আশ্রয়ণ প্রকল্প এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান | আবাসন প্রকল্পের নকশা এবং অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম | ৫ |
| ২.৫.৪ | সামগ্রিক ভূমি নীতিমালা এবং আঞ্চলিক ভূমি বিধিমালা নিশ্চিত করা। পরিকল্পিত ভূমি ব্যবহারের মাধ্যমে ঘূর্ণিঝড় এবং জলোচ্ছ্বাসের অভিযোজন এবং দুর্যোগ ঝুঁকি হ্রাস করা। চর ও উপকূলীয় এলাকা এবং বাঁধ এলাকাগুলোয় বনায়ন করার লক্ষ্যে বন কর্মকর্তাদের জন্য পর্যাপ্ত পরিমাণ সম্পদ বরাদ্দ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি নিশ্চিত করা। উপকূলীয় এলাকাগুলোয় স্থায়ী সবুজ বেষ্টনী যথাযথভাবে নিশ্চিত করা। প্রান্তিক পরিত্যক্ত জমিতে কোনও প্রকার অবকাঠামোগত উন্নয়ন না করা। | ১) কোস্টাল এমব্যাংকমেন্ট ইমপ্রুভমেন্ট (সিইআইপি) প্রকল্পের আওতায় পোল্ডার পুনঃশক্তিশালীকরণ | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং বন বিভাগ | পুনঃশক্তিশালীকরণ প্রকল্প প্রস্তাবনা | ১০ |
| | | ২) কোস্টাল এমব্যাংকমেন্ট ইমপ্রুভমেন্ট প্রোজেক্ট (সিইআইপি)-এর সফলতা এবং প্রতিবন্ধকতার আলোকে বনায়ন প্রকল্প গ্রহণ করে পোল্ডার পুনঃশক্তিশালীকরণ ব্যবস্থা গ্রহণ করতে হবে | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পানি সম্পদ সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গবেষণা প্রতিবেদন, প্রকল্প প্রস্তাবনা | ১৫ |
| | | ৩) যেখানে ম্যানগ্রোভ বনায়ন সম্ভব সেখানে পোল্ডার পুনঃশক্তিশালীকরণের লক্ষ্যে বনায়ন পরিধি বাড়ানো | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ভূমিসম্পর্কিত কার্যক্রম এবং বনায়ন প্রকল্পের সংখ্যা | ১০ |
| | | ৪) স্থানীয় প্রতিবেশের সাথে ভারসাম্য রেখে এই বনায়ন কার্যক্রম গ্রহণ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট | বনায়ন প্রকল্পের সংখ্যা | ১০ |
| | | ৫) চর জরিপে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে | পরিবেশ, বন ও | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার | বনায়ন প্রকল্পের সংখ্যা | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | স্থিতিশীল চরগুলোতে বনায়ন কার্যক্রম গ্রহণ | জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বিভাগ এবং বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট | | |
| | | ৬) রপ্তানিমুখী মৎস্য খাত প্রতিষ্ঠা করে আন্তর্জাতিক বাজারে বিভিন্ন মাছ যেমন টুনা মাছ, বিলফিশ, ফিনফিশ রপ্তানির ক্ষেত্র তৈরি করা | মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় | বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ মৎস্য অধিদপ্তর এবং বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট | রপ্তানি অনুমতিপত্র | ১০ |
| | | ৭) বাস্তুচ্যুতদের সমুদ্র থেকে মাছ আহরণ এবং প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান | মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা | ১০-২০ |
| ২.৫.৫ | পরিবেশগতভাবে বিপদাপন্ন অঞ্চলগুলো থেকে কাজের খোঁজে আসা বাস্তুচ্যুত মানুষেরা যাতে শহরের সবচেয়ে ঝুঁকিপূর্ণ প্রান্তিক এলাকায় আটকে না পড়ে সেজন্য তাদের আবাসনের স্থান নগর পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা। মৌজা বা অঞ্চলভিত্তিক খাস জমি শনাক্ত করে এগুলোতে বাস্তুচ্যুতদের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ভূমি ব্যবহার বিধিমালা তৈরি করা। এই সব খাস জমি জলবায়ুসহিষ্ণু গুচ্ছ আবাসন প্রকল্পের জন্য এবং সম্ভাব্য বাস্তুচ্যুতদের জীবিকার জন্য বরাদ্দ দেওয়া। মালিকানা প্রদান না করেও জলবায়ুসহিষ্ণু আবাসন তৈরি করে স্বল্প ভাড়ায় অভিবাসীদের থাকার সুযোগ তৈরি করা। | ১) নগর-পরিকল্পনায় অন্তর্ভুক্তিকরণ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, নগর উন্নয়ন অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তর | গৃহীত নগর-পরিকল্পনা | ৫ |
| | | ২) ভূমি বিধিমালা প্রস্তুতকরণ: টিওআর তৈরি, বিশেষজ্ঞ নিয়োগ | ভূমি মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ | প্রতিবেদনের প্রতিলিপি | ৫ |
| | | ৩) স্বল্প আয়ের মানুষদের জন্য জলবায়ুসহিষ্ণু গুচ্ছ আবাসন তৈরি ও স্বল্প ভাড়ায় বরাদ্দ দেওয়া | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং আশ্রয়ণ প্রকল্প | বরাদ্দপত্রের সংখ্যা | ১০ |
| ২.৫.৬ | যৌথ ব্যবস্থাপনায় টেকসই ব্যবহার ও চর্চা অনুসরণ করে উৎপাদনমূলক কাজে ব্যবহারের জন্য একটি ‘কমন রিসোর্স | ১) সরকারের নথিভুক্ত খাসজমি এবং জলাশয়ের ২০ শতাংশ বাস্তুচ্যুতদের যৌথ ব্যবহারের | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় জনপ্রতিনিধি | সচেতনতা বৃদ্ধিসংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রমের সংখ্যা | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | পুল' বা 'যৌথ সম্পদ ভান্ডার' সৃষ্টি করার আইনি কাঠামো তৈরি করা। এতে ভূমি ও জলাশয় অন্তর্ভুক্ত করা। দরিদ্র, প্রান্তিক এবং দুর্যোগ ও জলবায়ুজনিত কারণে বাস্তুচ্যুত মানুষের কর্মের সুযোগ সৃষ্টি করা। উচ্চশ্রেণির দ্বারা এসব সম্পদ দখলের সুযোগ বন্ধ করা। | জন্য বরাদ্দ করে স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে এলাকার সকল অধিবাসীকে অবহিত করা | | | | |
| | | ২) বাস্তুচ্যুতদের জন্য বরাদ্দকৃত জমি এবং জলাশয় যথাযথ সংরক্ষণ এবং অর্থনৈতিক ব্যবহার নিশ্চিতে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় এবং স্থানীয় জনপ্রতিনিধি | প্রজ্ঞাপন ও সভার কার্যবিবরণী | ১০ |

## ৩. বাস্তুচ্যুতিকালীন সুরক্ষা (Protection During Displacement)

**উদ্দেশ্য: বাস্তুচ্যুতি ঘটার সময়ে দুর্যোগকবলিতদের জীবন ধারণের জন্য অত্যাবাশক বিষয়সমূহ তথা মানবিক সহায়তাসহ মৌলিক অধিকারভিত্তিক সহায়তা প্রদান নিশ্চিত করা।**

**কৌশলগত সাড়াদান:** বাস্তুচ্যুতি ঘটার সময় দ্রুত ব্যবস্থা নেওয়া এবং জরুরি মানবিক সহায়তা প্রদান করার সঙ্গে সঙ্গে কার্যকর সুরক্ষা নিশ্চিত করা। সাধারণভাবে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগজনিত কারণে অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি ব্যবস্থাপনায় জনগোষ্ঠীর পাশাপাশি প্রাণিসম্পদ বিষয়ক জরুরি নির্দেশিকা এবং আর্দশমান অনুযায়ী প্রাণিসম্পদের সুরক্ষা নিশ্চিত করা।

**প্রধান নীতিক্ষেত্রসমূহ:** দুর্যোগকালীন মানবিক সহায়তা।

**প্রধান কার্যক্রম (সাড়াদানের ব্যবস্থাপনা: জরুরি সাড়াদান)**

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| **৩.১. মানবিক ও দুর্যোগ ত্রাণ কার্যক্রমকে শক্তিশালীকরণ** | | | | | | |
| ৩.১.১ | বাস্তুচ্যুত মানুষের চাহিদা নিরূপণ করে Sphere Standards অনুসারে যথাযথ সাড়াদান কার্যক্রম পরিচালনা করা। এ ক্ষেত্রে প্রাথমিক জীবন রক্ষাকারী চারটি মানবিক সহায়তা হলো: পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করা; খাদ্য নিরাপত্তা ও পুষ্টি; আশ্রয় ও পুনর্বাসন; এবং স্বাস্থ্য কার্যক্রম। ১৯৯৮ সালে জাতিসংঘ কর্তৃক গৃহীত অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা সম্পর্কিত সুরক্ষা নীতিমালা, প্রাকৃতিক দুর্যোগের সময় ব্যক্তি সুরক্ষায় IASC-এর কার্যবিধি নির্দেশিকা, দ্য মেন্ড (The MEND) নির্দেশনাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ অধিকারভিত্তিক আন্তর্জাতিক মানদন্ড সমূহকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে | ১) অঞ্চলভেদে এবং বাস্তুচ্যুত জনগোষ্ঠীর সামাজিক এবং সাংস্কৃতিক ভিন্নতার ভিত্তিতে আদর্শ পরিমাপগুলো (Sphere Standard) সমন্বয় করে ত্রাণ ও জরুরি সহায়তা প্যাকেজ প্রদান করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, ইউনয়ন পরিষদ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ত্রাণ প্যাকেজ পরিমাণ/ধরন | ৫ |
| | | ২) জনগোষ্ঠীর জরুরি অবস্থার প্রয়োজন অনুসারে আগাম পদক্ষেপ গ্রহণ: এনএফআই সহায়তা ও নগদ সহায়তা, পানীয় জলের সরবরাহ, মোবাইল মেডিকেল টিম ইত্যাদি দিয়ে সাড়া দান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন | ত্রাণ প্যাকেজ পরিমাণ/ধরন | ৫ |
| | | ৩) বাস্তুচ্যুত নারী/কিশোরীদের জন্য ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা সরঞ্জামের (স্যানিটারি ন্যাপকিন) ব্যবস্থা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,<br>ইউনিয়ন পরিষদ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ত্রাণ প্যাকেজ পরিমাণ/ধরন | ২ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | কার্যকর করা। | | | | | |
| ৩.১.২ | স্থানান্তরিত হওয়ার সময় নিরাপত্তা, পুষ্টি, স্বাস্থ্য এবং পরিচ্ছন্নতা কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রাখা এবং পরিবারের কোনও সদস্য যাতে বিচ্ছিন্ন না হয়ে যায় তা নিশ্চিত করা। শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ তত্ত্বাবধানের ব্যবস্থা করা। | ১) ইউনিয়নভিত্তিক বাস্তুচ্যুতি ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী (নারী, শিশু, বৃদ্ধ এবং ট্রান্সজেন্ডার) এবং বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের তথ্য ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংগ্রহ করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, সমাজসেবা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | তথ্য সংগ্রহের জন্য গাইডলাইন ও টেমপ্লেট/ ছক এবং তথ্য প্রদানসংক্রান্ত ছক | ৩-২০ |
| | | ২) কেউ নিখোঁজ/বিচ্ছিন্ন হলে তার তথ্য উপযুক্ত কর্তৃপক্ষকে (ইউনিয়ন এবং পর্যায়ক্রমে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি) প্রদান এবং নিখোঁজ/বিচ্ছিন্ন ব্যক্তিকে খুঁজে বের করার জন্য স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন, সাংবাদিক এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তথ্য প্রদান এবং খুঁজে পাওয়ার পর পরিবারের সাথে পুনর্মিলনীর সুযোগ করে দেওয়া | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, সমাজসেবা অধিদপ্তর, সিপিপি , জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবী ও যুব সংগঠন | গণমাধ্যমসমূহের জন্য নীতিমালা, প্রচারিত অনুষ্ঠানমালার সংখ্যা, যথাযথ প্রচারের ব্যবস্থা | ৩-২০ |
| | | ৩) টিভি, রেডিও, চ্যানেলে এবং কমিউনিটি রেডিওতে জনপ্রিয় পারিবারিক এবং সামাজিক অনুসন্ধানমূলক অনুষ্ঠানের মাধ্যমে নিখোঁজ ব্যক্তিদের পরিবারের সাথে পুনর্মিলনের উদ্যোগ গ্রহণ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, স্থানীয় সাংস্কৃতিক সংগঠন এবং সিভিল সমাজের প্রতিষ্ঠান | সুরক্ষা কমিটির সদস্য তালিকা, সুরক্ষা কমিটির কার্যক্রমের নীতিমালা, (প্রতি ২০ জন সুবিধাভোগীর জন্য ১ জন আনসার) | ৩-২০ |
| | | ৪) CDD কর্তৃক PWD-দের জন্য প্রয়োজনীয় সহায়তাসংক্রান্ত একটি নির্দেশিকা প্রস্তুত করা | সমাজকল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সমাজসেবা অধিদপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ইউনিয়ন পরিষদ, জাতীয় এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রকাশিত নির্দেশিকা | ২ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৫) প্রতিবন্ধী কার্ডের কপি অনুযায়ী প্রতিবন্ধীদের তথ্য সংরক্ষণ করা এবং কেউ বিচ্ছিন্ন হলে খুঁজে বের করা | | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সমাজসেবা অধিদপ্তর, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং ইউনিয়ন পরিষদ | তথ্য সংরক্ষণের টেমপ্লেট | ৩-২০ |
| | | ৬) আগাম দুর্যোগের সংবাদ পেলে প্রতিবন্ধী এবং শিশুদের গলায় বাবা-মার নামের কার্ড এবং বাঁশি ঝুলিয়ে দেওয়া | | স্থানীয় সরকার বিভাগ, সমাজসেবা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিচিতি কার্ডের কপি | ২ |
| ৩.১.৩ | বিপদাপন্ন জনগোষ্ঠীকে নিকটবর্তী কোনও আশ্রয়কেন্দ্রে নিয়ে যেতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। প্রয়োজনে তাদের আশ্রয়স্থলে পরিবহন সুবিধা প্রদান করা। আশ্রয়কেন্দ্রে নারী, গর্ভবতী মা, শিশু, কিশোরী, সিনিয়র সিটিজেন, প্রতিবন্ধী ব্যক্তি এবং বিশেষ চাহিদাসম্পন্ন জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত স্থান নির্ধারণ করা। | ১) দুর্যোগের সময় স্থানান্তরের জন্য যেসব সাহায্যসামগ্রী ও যন্ত্রপাতি প্রয়োজন তার এলাকাভিত্তিক চাহিদা নিরূপণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | আশ্রয়কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নীতিমালা হালনাগাদকরণ | চলমান |
| | | ২) দুর্যোগ আশ্রয়কেন্দ্রগুলোর পাশাপাশি প্রতিবেশী এবং আত্মীয়স্বজনদের দুর্যোগসহিষ্ণু বাড়িতে (সোশ্যাল শেল্টার) আশ্রয় নেওয়ায় উৎসাহিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, সিপিপি এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, | | ২ |
| | | ৩) প্রতিটি এলাকায় স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রমগুলোর মাধ্যমে বিভিন্ন বয়সের মানুষদের (বৃদ্ধ) আশ্রয়কেন্দ্রে যাওয়ার ব্যাপারে সচেতন এবং উৎসাহিত করা। এনজিও, আইএনজিও ও সরকারের মধ্যে সমন্বয়ের জন্য নিয়মিত পরামর্শ সভার আয়োজন করে এ বিষয়ে তথ্য একত্র করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, সিপিপি, জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, এবং এলাকা ভিত্তিক সুশীল সমাজ প্রতিনিধি | স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রমের তালিকা | ৩-২০ |
| | | ৪) দ্রুত উদ্ধারকাজের জন্য আগে থেকেই যথাযথ (নারী, শিশু ও প্রতিবন্ধিদের জন্য এবং সংশ্লিষ্ট এলাকার জন্য উপযোগী) পরিবহনের ব্যবস্থা করে রাখা | প্রতিরক্ষা মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং বাংলাদেশ | উদ্ধারকাজসংক্রান্ত নীতিমালা এবং প্রয়োজন অনুযায়ী পরিবহনের সংখ্যা | ৩ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | | |
| ৩.১.৪ | জাতীয় বাস্তুচ্যুতি ট্র্যাকিং ব্যবস্থা চালু করে বাস্তুচ্যুত পরিবার ও ব্যক্তিদের বাস্তুচ্যুতি ঘটার সময় নিবন্ধন করা। এই নিবন্ধন ব্যবস্থা ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনায় ও হারিয়ে যাওয়া পরিবারের কোনও সদস্যকে খুঁজে পাওয়ার ক্ষেত্রে ব্যবহার করা। | ১) পৌরসভা, ইউনিয়ন পরিষদে বাস্তুচ্যুতি ট্র্যাকিং ব্যবস্থা কেমন হবে, তা গবেষণার মাধ্যমে দাঁড় করানো | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সম্পাদিত বাস্তুচ্যুতি ট্র্যাকিং ব্যবস্থাবিষয়ক গবেষণা প্রতিবেদন, বাস্তুচ্যুতি নিবন্ধন ফর্ম | ৫ |
| | | ২) UDMC ও WDMC-এর সহায়তায় মাঠপর্যায়ে বাস্তুচ্যুত মানুষের উপাত্ত সংগ্রহ ও মেলানো এবং হালনাগাদ করা। উপাত্ত ব্যবস্থাপনার জন্য স্মার্ট পদ্ধতি জিআইএস/ রিমোট সেন্সিং ব্যবহার করা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সিইজিআইএস এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | মাঠপর্যায়ে বাস্তুচ্যুত মানুষের উপাত্ত সংগ্রহের জন্য প্রণীত জিআইএস বেইজড টুল | ১০ |
| | | ৩) কার্যকরী বাস্তুচ্যুতি ট্র্যাকিং ব্যবস্থা নিশ্চিত করতে ইউনিয়ন অথবা পৌরসভা পর্যায়ে প্রয়োজনীয় লোকবল নিয়োগ এবং প্রশিক্ষণ প্রদান | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | নিয়োগপ্রাপ্ত লোকবল | ৫ |
| ৩.১.৫ | জরুরি ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে ত্রাণ সামগ্রী মজুতের জন্য সকল জেলা ও উপজেলায় ত্রাণ গুদাম নির্মাণ করা। জরুরি ভিত্তিতে উদ্ধার ও ত্রাণ কার্যক্রম পরিচালনা করার জন্য জলপথ ও আকাশপথে বিকল্প যোগাযোগ ব্যবস্থা চালু করা। | ১) ৬৪ জেলায় ৬৫টি ত্রাণগুদামসহকারে দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র রয়েছে, ত্রাণগুদাম উপজেলা পর্যন্ত বিস্তৃত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | নির্মিত ত্রাণগুদামের সংখ্যা | ১৫ |
| | | ২) উপজেলা ত্রাণগুদাম ব্যবস্থাপনা এবং পরিচালনা গাইডলাইন প্রণয়ন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | প্রণীত গাইডলাইন | ৫ |
| | | ৩) তাৎক্ষণিক জরুরি ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য সারা দেশের রেলস্টেশন, লঞ্চ-স্টিমারঘাট এবং হেলিপ্যাডসমূহের তালিকা প্রণয়ন এবং ওয়েবসাইটে সবার জন্য উন্মুক্ত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এলজিইডি,বিআইডব্লিউটিএ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সিপিপি এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী | বিভিন্ন স্থাপনার তালিকা | ৩ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রতিষ্ঠান | | |
| | | ৪) ভৌগোলিক বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে এলাকাভিত্তিক উদ্ধার সরঞ্জাম (বিশেষায়িত উদ্ধারকারী নৌযান ও আধুনিক আকাশযান) সরবরাহ করা<br>৫) উপযুক্ত ও পর্যাপ্ত সংখ্যক ড্রোণ ও আধুনিক উদ্ধার সহায়ক যন্ত্র প্রত্যেক জেলায় দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রে সরবরাহ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সিপিপি | প্রণীত নীতিমালা | ১০ |
| ৩.১.৬ | পর্যাপ্ত পরিমাণ বিশুদ্ধ খাবার পানি ও পানি বিশুদ্ধকরণ সরঞ্জামাদি সরবরাহ করা। জরুরি প্রয়োজনে নারীদের জন্য আলাদাসহ ভ্রাম্যমাণ টয়লেট স্থাপন করা। জরুরি স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে মেডিকেল টিম প্রস্তুত রাখা এবং দ্রুত প্রেরণ করা। | ১) দুর্যোগ ব্যবস্থাপনা আইন এবং স্থায়ী আদেশাবলির যথাযথ বাস্তবায়ন প্রক্রিয়া ডেভেলপমেন্ট রেজাল্ট ফ্রেমওয়ার্কের ভিত্তিতে বাৎসরিক পর্যবেক্ষণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | মনিটরিং টুল | ২ |
| | | ২) নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধিদের স্যানিটেশন ব্যবস্থা ও অভিগম্যতা নিশ্চিত করা। প্রয়োজনে এলাকাভিত্তিক মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন, মোবাইল টয়লেট স্থাপন এবং মোবাইল মেডিকেল টিম মোতায়েন করা এবং আগাম পদক্ষেপের অংশ হিসেবে পানীয় জল বিতরণ করা | স্থানীয় সরকার মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | দুর্যোগপ্রবণ এলাকায় মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ও টয়লেট সংখ্যা | ৫ |
| | | ৩) নারী স্বেচ্ছাসেবক দ্বারা পরিচালিত প্রজনন স্বাস্থ্য সেবা ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহের ব্যবস্থা করা | স্বাস্থ্য সেবা বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর, সিপিপি, এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | নিয়োগপ্রাপ্ত নারী স্বেচ্ছাসেবকের সংখ্যা, বরাদ্দকৃত সরঞ্জাম | ৫ |
| ৩.১.৭ | বাস্তুচ্যুত ব্যক্তিদের ব্যক্তিগত জরুরি দলিলাদি যেমন: জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, পাসপোর্ট, এবং নিকাহনামা | ১) উপজেলা পর্যায়ে বাস্তুচ্যুতদের জন্য ডকুমেন্ট ব্যাংক স্থাপন করা। দুর্যোগে ক্ষতিগ্রস্ত দলিলাদি পুনরায় প্রাপ্তির | স্থানীয় সরকার বিভাগ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ডকুমেন্ট ব্যাংক স্থাপনের কার্যাদেশ, গঠিত সেল | ৫ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | হারিয়ে গেলে তা পুনঃপ্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা রাখা। দুর্যোগের ফলে হারিয়ে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া এ সকল দলিলের কারণে বাস্তুচ্যুত মানুষ যেন তাদের অধিকার থেকে বঞ্চিত না হয় তা নিশ্চিত করা। | নিমিত্তে রিপোর্টিংয়ের জন্য বিশেষ সেল গঠন | | | | |
| | | ২) স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক তদারকি সাপেক্ষে বাস্তুচ্যুত ব্যক্তিদের প্রত্যয়নপত্র প্রদান করা | জননিরাপত্তা বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | প্রণীত প্রত্যয়নপত্রের টেমপ্লেট | ৫ |
| ৩.১.৮ | সুরক্ষা-ঝুঁকির মুখোমুখি নারী, গর্ভবতী মা, অনাথ শিশু, কিশোর-কিশোরী বয়োবৃদ্ধ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। তাদের বিভিন্ন ধরনের চাহিদা নিরূপণে পদক্ষেপ নেওয়া। | ১) আনসার/ভিডিপি/দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সমন্বয় করে বিডিআরসিএস এবং সিপিপি স্বেচ্ছাসেবক দ্বারা আশ্রয়কেন্দ্রে অবস্থানকালে সুরক্ষা প্রদান করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা | ২ |
| | | ২) বাস্তুচ্যুত ব্যক্তিদের চাহিদাসমূহ তালিকাভুক্ত করে অগ্রাধিকারের ভিত্তিতে সেবা/ সামগ্রী বণ্টন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ডিডিএম কর্তৃক প্রণীত নির্দেশিকা | ২ |
| | | ৩) নিকটবর্তী ট্রমা সেন্টার, ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার এবং ভিকটিম সাপোর্ট সেন্টারসহ বিভিন্ন সুরক্ষা কেন্দ্রগুলোতে বাস্তুচ্যুতদের জন্য বিশেষ সেবা নিশ্চিত করা | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | স্বাস্থ্য মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বিভিন্ন সেবার তালিকা | ৩ |
| ৩.১.৯ | বাস্তুচ্যুত মানুষ ও মানবিক সহায়তা প্রদানকারী সংস্থাগুলোর কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা। মানবিক সহায়তা যেন কোনও প্রকার বাধা ছাড়াই সংশ্লিষ্ট স্থানে পৌঁছাতে পারে তার জন্য ত্রাণ সামগ্রী ও মানবিক সহায়তা প্রদানকারী ব্যক্তিবর্গের চলাচলের অনুমতি প্রদান ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা। স্থানীয় স্বেচ্ছাসেবক ও | ১) স্বেচ্ছাসেবকদের নির্দিষ্ট ড্রেসকোড ও আইডি কার্ড প্রদান করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সিপিপি, স্থানীয় যুব এবং ছাত্র সংগঠন এবং জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বিদ্যমান জাতীয় স্বেচ্ছাসেবক সংগঠনের তালিকা ও নীতিমালা | ৪ |
| | | ২) স্বেচ্ছাসেবকদের সুবিধাদি প্রদান ও কার্য পরিচালনার জন্য একটি কমান্ড পোস্ট গঠন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সিপিপি, স্থানীয় যুব এবং ছাত্র সংগঠন এবং জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকের সংখ্যা | ৫-৭ |
| | | ৩) জাতীয় স্বেচ্ছাসেবক নীতিমালা প্রণয়ন | দুর্যোগ ব্যবস্থাপনা | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং | প্রণীত নীতিমালা | ৩ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে কাজ করা। | এবং বাস্তবায়ন | ও ত্রাণ মন্ত্রণালয় | সিপিপি | | |
| ৩.১.১০ | আর্থিক খাতের প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয় করে বিপদাপন্ন পরিবার ও দুর্যোগের সময় পরিবারগুলোর রেমিট্যান্স প্রাপ্তিতে যেন অসুবিধা না হয় তা নিশ্চিত করা। যদি লেনদেনের সময় প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ কোনও কাগজপত্র দুর্যোগের কারণে হারিয়ে বা নষ্ট হয়ে যায় সে ক্ষেত্রে রেমিট্যান্স গ্রহণে সেসব কাগজপত্রের শর্ত শিথিল করা। | ১) রেমিট্যান্সকে জরুরি সেবা হিসেবে চিহ্নিত করা এবং আপৎকালীন সময়ে রেমিট্যান্স এবং মোবাইল ব্যাংকিং সেবা সহজলভ্য করা | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক | দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানের কার্যাদেশ | ৫ |
| | | ২) বাস্তুচ্যুত প্রত্যয়নপত্র প্রদর্শন সাপেক্ষে রেমিট্যান্স উত্তোলনের ক্ষেত্রে কাগজপত্রের প্রয়োজনীয়তা শিথিল করা | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা | ৫ |
| ৩.১.১১ | দুর্যোগের পর পুনরুদ্ধার ও পুনঃনির্মাণ কার্যক্রম বিশেষ করে আবাসন খাতকে বিবেচনায় রেখে একটি সামগ্রিক নীতিমালা তৈরি করা। | ১) দুর্যোগে ক্ষতিগ্রস্ত আবাসন/ঘরবাড়ির ঝুঁকিহ্রাস বিবেচনায় এনে পুনর্নির্মাণ করা। ওই কাজের জন্য নির্মাণকর্মীদের প্রশিক্ষণ প্রদান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গৃহায়ন এবং গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | প্রণীত নীতিমালা ও নির্দেশিকা, প্রশিক্ষিত নির্মাণকর্মীর সংখ্যা | ৫-৭ |
| | | ২) পরিকল্পিতভাবে স্থানান্তর প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপযুক্ত ভূমি ও বসবাসের স্থান খুঁজে বের করা এবং আপৎকালীন সময়ের আগেই ভূমি ব্যবহার উপযোগী করে তোলা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ভূমি ব্যবহার নীতিমালা | ১০ |
| | | ৩) পরিকল্পিত স্থানান্তর প্রক্রিয়া বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ করে নারী, শিশু, অসহায় মানুষ এবং প্রযোজ্য ক্ষেত্রে আদিবাসীদের বিশেষ চাহিদা নিরূপণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | স্থানীয় চাহিদা নিরূপণ প্রতিবেদন, স্থানান্তর নীতিমালা | ১০ |
| | | ৪) দুর্যোগসহনশীল ঘর নির্মাণ করা। (২.৩.৬ এবং ২.৩.১৭) | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগসহনীয় গৃহনির্মাণ নির্দেশিকা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| ৩.১.১২ | বিভিন্ন প্রশাসনিক পর্যায়ে কর্মরত সরকারি কর্মকর্তাদের দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলির বিভিন্ন ধারায় যে দায়িত্বসমূহ দেওয়া আছে, সেগুলো সম্পর্কে তাদের স্পষ্টভাবে নিয়মিত অবহিত করা। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি মোতাবেক ওয়ার্ড পর্যায় পর্যন্ত গঠিত কমিটিসমূহকে সক্রিয় রাখা। | ১) এসওডি অনুযায়ী দায়িত্ব পালনের জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত (বছরে ২ বার) প্রশিক্ষণের ব্যবস্থা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিপিপি এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রাথমিক এবং ফলোআপ প্রশিক্ষণের সংখ্যা | ৫-৭ |
| | | ২) ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে কমিটিগুলোর জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>সমন্বিত প্রশিক্ষণ মডিউল ও মাস্টার ট্রেইনার পুল তৈরি করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিপিপি, উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা, ট্রেইনারদের তালিকা, প্রকাশিত প্রশিক্ষণ মডিউল | ৫-৭ |
| | | ৩) বিডিআরসিএস এসওডি অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ভূমিকা ও দায়িত্ব প্রচার | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রচারণা কার্যক্রমের তালিকা/ সংখ্যা | ৫-৭ |
| **৩.২ দুর্যোগের সময় বাস্তুচ্যুত ব্যক্তিদের মৌলিক মানবাধিকার সুরক্ষা** (Protecting fundamental rights of DCIIDPs during Displacement) | | | | | | |
| ৩.২.১ | বাস্তুচ্যুত মানুষের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা। প্রশাসনের সকল স্তরে নিয়ন্ত্রণ কক্ষ চালু রাখা। প্রয়োজনে ২৪ ঘণ্টা হটলাইন নম্বর ও বিশেষ পুলিশি টহলের ব্যবস্থা রাখা । | ১) ইউনিয়ন বা পৌরসভা পর্যায়ে জরুরি পরিস্থিতিতে কন্ট্রোল রুম স্থাপন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ | কন্ট্রোল রুমের সংখ্যা | ১ |
| | | ২) স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে কন্ট্রোল রুমের কার্যক্রম পরিচালনা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ | কার্যাবলির বার্ষিক প্রতিবেদন | ২ |
| | | ৩) বাস্তুচ্যুত ব্যক্তিদের আলাদা ডেটাবেস প্রতিষ্ঠা করে সেখানে স্থানীয় সরকারের অন্তর্ভুক্তি নিশ্চিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | স্থানীয় সরকারকে ক্ষমতা অর্পণের সরকারি আদেশ | ২ |
| | | ৪) বাস্তুচ্যুত মানুষের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতকরণে কেন্দ্রীয় সরকার কর্তৃক স্থানীয় সরকারকে যথাযথ ক্ষমতা অর্পণ | | | | ২ |
| ৩.২.২ | কোনও ব্যক্তিকে জোরপূর্বক বেআইনিভাবে অপসারণ না করা। নির্দিষ্ট | ১) জাতিসংঘ প্রণীত বাস্তুচ্যুত ব্যক্তিদের বেআইনিভাবে অপসারণ রোধে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ এবং | বাস্তুচ্যুত ব্যক্তিদের অধিকার সংরক্ষণে | ২ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | কোনও স্থানে ফিরে যেতে বা থাকতে বাধ্য না করা। | আন্তর্জাতিক নীতিমালা অনুযায়ী এ-সংক্রান্ত আইন প্রণয়ন ও জোরদার করা | | স্থানীয় সরকার বিভাগ | প্রণীত আইন | |
| ৩.২.৩ | দুর্যোগের প্রকারভেদ অনুসারে বাস্তুচ্যুত মানুষদের জন্য পর্যাপ্ত পরিমাণে আবাসন ও আশ্রয় কেন্দ্র নিশ্চিত করা। বাস্তুচ্যুতদের স্থায়ী ও নিরাপদ পুনর্বাসন নিশ্চিত না করা পর্যন্ত তাদের জন্য অস্থায়ী আশ্রয়ের ব্যবস্থা রাখা। | ১) ২.৩.১৭ এবং ২.৩.১৮-এর আবাসন সংক্রান্ত কার্যক্রম | প্রধানমন্ত্রীর কার্যালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | আশ্রয়ন নীতিমালা | ২-৫ |
| | | ২) দুর্যোগপ্রবণ এলাকায় বিপদাপন্ন জনসংখ্যার অনুপাতে প্রয়োজনীয় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | আশ্রয়কেন্দ্রের সংখ্যা | ২-৫ |
| | | ৩) আশ্রয়ণ প্রকল্পে বেসরকারি/ এনজিওর অন্তর্ভুক্তির সুযোগ নিশ্চিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, এনজিও বিষয়ক ব্যুরো এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা | ৩ |
| ৩.২.৪ | ভূমি ব্যবহার নীতিমালা ২০০১ অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের পরামর্শে খাস জমি শনাক্ত করে গৃহহীন বাস্তুচ্যুত মানুষদের সে সব জায়গায় আইনি সুরক্ষার মাধ্যমে প্রবেশাধিকার নিশ্চিত করা এবং একটি সাধারণ বা এজমালি সম্পদ ভান্ডার (Common Resourse Pool) তৈরি করা যেখানে বাস্তুচ্যুত মানুষজনের প্রবেশাধিকার থাকবে। গৃহহীন বাস্তুচ্যুত মানুষদের জন্য প্রয়োজনে মানবিক সহায়তা প্রদানকারী সংস্থার সহায়তায় জরুরি ও অন্তর্বর্তীকালীন আশ্রয়কেন্দ্র তৈরি করা। সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে জীবিকা নির্বাহের কর্মসূচি বাস্তবায়ন করা। | ১) চিহ্নিত খাসজমির কিছু অংশ বাস্তুচ্যুতদের ব্যবহারের জন্য সংরক্ষণ করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | জারিকৃত প্রজ্ঞাপন | ২ |
| | | ২) বাস্তুচ্যুতদের জন্য সংরক্ষিত খাসজমির ব্যবহার নিয়ে সাধারণ জনগণের মধ্যে সচেতনতা তৈরি করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | সচেতনতা কার্যক্রমের তালিকা | ২ -৫ |
| | | ৩) সংরক্ষিত খাসজমিতে ক্লাস্টার ফার্মিং পদ্ধতি প্রণয়নের জন্য বাস্তুচ্যুতদের প্রশিক্ষণ প্রদান। এ ব্যাপারে স্থানীয় এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের অংশগ্রহণের সুযোগ করা | কৃষি মন্ত্রণালয় | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ভূমি মন্ত্রণালয় মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা | ১-৫ |
| | | ৪) রিসোর্স পুল তৈরির ক্ষেত্রে আন্তর্জাতিক সংস্থাসমূহের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা। আন্তঃরাষ্ট্রীয় আলোচনা ও কর্মশালার আয়োজন করা | পররাষ্ট্র মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | আয়োজিত কর্মশালা | |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৫) বাস্তুচ্যুত জনগোষ্ঠীর জন্য বিশেষ মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় | গৃহীত বিশেষ মানবিক সহায়তা কর্মসূচি ও প্রতিবেদন | ১-৫ |
| ৩.২.৫ | বাস্তুচ্যুত মানুষদের খাদ্য, পানি, বস্ত্র, স্যানিটেশন, চিকিৎসাপ্রাপ্তির অধিকার নিশ্চিত করা। এ ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তি, শিশু, অনাথ শিশু, বয়স্ক, মহিলা, গর্ববতী মা, কিশোরী ও বিশেষ চাহিদাসম্পন্ন গোষ্ঠীকে প্রাধান্য দেওয়া। | ১) বিনা মূল্যে অতি জরুরি সামগ্রী সরবরাহ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা | ১-১০ |
| | | ২) বাস্তুচ্যুত এলাকায় টিসিবির পণ্য সরবরাহ করা | খাদ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং বানিজ্য মন্ত্রণালয় | গৃহীত নীতিমালা, উপকারভোগীদের তালিকা ও কার্ড সরবরাহ | ১-১০ |
| | | ৩) স্থানীয় সরকারের পাশাপাশি এনজিওসমূহের অংশগ্রহণ নিশ্চিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং এনজিও বিষয়ক ব্যুরো | সমঝোতা চুক্তি | ১-১০ |
| | | ৪) এনজিও এবং সরকারের সমন্বয়ে মাতৃত্বকালীন ভাতা, প্রতিবন্ধী ভাতা ও ঔষধের ব্যবস্থা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এনজিও বিষয়ক ব্যুরো এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ভাতাপ্রাপ্তদের সংখ্যা | |
| | | ৫) এলাকার বাস্তুচ্যুতদের মধ্যে আন্তর্জাতিক অভিবাসী পরিবার থাকলে তাদের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিবন্ধী ভাতাপ্রাপ্তি নিশ্চিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিএমইটি এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ভাতাপ্রাপ্তদের সংখ্যা | ১-১০ |
| | | ৬) উন্নয়ন কর্মসূচিগুলো বাস্তবায়নকারী সংস্থাসমূহের দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্ট | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, এনজিও বিষয়ক ব্যুরো, | বিভিন্ন মন্ত্রণালয়ের আওতাধীন কর্মসূচির | ১-৩ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | করে চিহ্নিত করা | | | তালিকা | |
| | | ৭) কমিনিউটিকেন্দ্রিক বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা চালু করা। ব্যক্তিমালিকানাধীন এবং জাতীয়-আন্তর্জাতিক লাভজনক ব্যবসাপ্রতিষ্ঠানকে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ঝুঁকিপূর্ণ এলাকায় এ ধরনের প্রকল্প বাস্তবায়ন করতে পরামর্শ প্রদান করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, ব্যক্তিখাত লাভজনক প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সিএসআর প্রকল্পের সংখ্যা | ১-৪ |
